দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 FEB 2003
পৃষ্ঠা ... ৬ ... কলাম ...

# ঢাবির রসায়ন বিভাগের চেয়ারম্যান নিয়োগে সিন্ডিকেটের সিদ্ধান্তের কার্যকারিতা স্থগিত

সুপ্রীমকোর্ট রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের চেয়ারম্যান নিয়োগ বিষয়ে সিন্ডিকেটের গত ২ ফেব্রুয়ারির সিদ্ধান্তের কার্যকারিতা হাইকোর্ট স্থগিত করেছে। সেই সঙ্গে সিন্ডিকেটের ওই সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না এবং রসায়ন বিভাগের সিনিয়র প্রফেসর ড. আবুল খায়েরকে ওই বিভাগের চেয়ারম্যান পদে নিয়োগ দিতে কেন নির্দেশ দেয়া হবে না এ মর্মে কারণ দর্শানোর জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কারণ দর্শাতে বলা হয়েছে।

বুধবার বিচারপতি আল্লী আশরাফ খান ও বিচারপতি ইমান আলী সমন্বয়ে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ ড. আবুল খায়েরের রিট আবেদনের প্রেক্ষিতে ও নির্দেশ প্রদান করে। রিট আবেদনে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট গত ২ ফেব্রুয়ারি প্রফেসর ড. আবুল খায়েরের জ্যেষ্ঠতা উপেক্ষা করে তার চেয়ে জুনিয়র শিক্ষককে রসায়ন বিভাগের চেয়ারম্যান নিযুক্তির উদ্যোগ নিয়ে একটি অবৈধ সিদ্ধান্ত গ্রহণ করে। রিটকারীর পক্ষে শুনানিতে অংশ নেন এ্যাডভোকেট সিগমা হুদা। তাঁকে সহায়তা করেন ব্যারিস্টার মনির হোসেন, এ্যাডভোকেট আবদুল মাজেদ চৌধুরী ও মোঃ আশানূর রহমান।